

## তথ্য কমিশনে আজকের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১টি অভিযোগের শুনানীশেষে ০৯টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০২টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১৪, ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার, গাইবান্ধার ফুলছড়ি উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, গাইবান্ধা সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার, বিআরডিবি'র জেলা দপ্তরের উপ-পরিচালক (জনসংযোগ ও সমন্বয়), সাতার কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্রের প্রকল্প পরিচালক, কিশোরগঞ্জ সদর উপজেলার উপজেলা নির্বাচন অফিসার, ঢাকা মহানগর মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে ভূমি মন্ত্রণালয়ের উপ-সচিব ও কুমিল্লার মনোহরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব  
নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজ্জিদ।

**স্বাঃ-**

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd